

## নান্দনিক পর্যটন কেন্দ্র সাজেক ৩ দিনের জন্য বন্ধ

- A Monitor Desk Report

Date: 24 September, 2024



**রাঙামাটি:** নান্দনিক পর্যটন কেন্দ্র সাজেক তিন দিনের (মঙ্গল-বৃহস্পতিবার) জন্য বন্ধ ঘোষণা করেছেন জেলা প্রশাসক মোহাম্মদ মোশাররফ হোসেন খান। মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) জেলা প্রশাসক কার্যালয়ে আইন-শৃঙ্খলা কমিটির সভায় তিনি এ ঘোষণা দেন।

জেলা প্রশাসক বলেন, খাগড়াছড়ি ও রাঙামাটির অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে সাজেকে ১৪০০ পর্যটক আটকা পড়েছেন। তাদের নিরাপদে ফিরিয়ে আনতে আমাদের অনেক বেগ পেতে হয়েছে। তাই পরিস্থিতি বিবেচনায় এই তিন দিন সাজেকে সকল প্রকার পর্যটকদের না যাওয়ার জন্য নিরুৎসাহিত করা হচ্ছে।

জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির সভায় পুলিশ সুপার মো. ফরহাদ হোসেন, সিভিল সার্জন ডা. নুয়েন খীসা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মোতাছেম বিল্যাহ, রাঙামাটি সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী পরিচালক সবুজ চাকমাসহ অন্যান্য কর্মকর্তা ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

পুলিশ সুপার বলেন, সংঘাত সৃষ্টিকারী যেই হোক তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে। আমাদের কাছে অনেক তথ্য, ভিডিও, ছবি এসেছে আমরা এগুলো নিয়ে কাজ করছি। আপনাদের কাছে যদি কোনো তথ্য থাকে ছবি বা ভিডিও থাকে তাহলে সঠিক প্রমাণ দিয়ে তথ্য দেবেন। আমরা কাউকে ছাড় দেবোনা।

তিনি বলেন, রাঙামাটিতে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে চলতে চাই। মাদককারবারী ও সেবনকারী যে দলেরই হোক না কেনো তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। আমরা তথ্যপ্রযুক্তির ব্যবহার করে আইন-শৃঙ্খলা নিশ্চিত করতে কাজ করছি।

সভায় নেতৃবৃন্দ বলেন, রাঙামাটিতে আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকল সম্প্রদায়কে নিয়ে কমিটি গঠন করতে হবে। যারা জেলা প্রশাসক কার্যালয়ে এসে জি হজুর করে রাস্তায় থাকে না তাদেরকে কমিটিতে না রাখার অনুরোধ জানান।

উল্লেখ্য, খাগড়াছড়ির দীঘিনালা এবং রাঙামাটিতে পাহাড়ি-বাঙালি সংঘর্ষের ঘটনায় বিক্ষুব্ধ জুম্মা ছাত্রজনতার ডাকা ৭২ ঘণ্টা অবরোধের কারণে শনিবার থেকে সাজেকে আটকা ছিলেন প্রায় দেড় হাজার পর্যটক।

-B